গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
সিলেট মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
বাড়ি নং-২২৮, রোড নং-০১/এ
ব্লক-এফ, শাহজালাল উপশহর, সিলেট
www.smp.police.gov.bd

## "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২৩/৪৪৯৩/ই

তারিখ-২৯.১১.২০২৩খ্রিঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৯.১৯-১৯৯ তারিখ-১৫.০৫.২০২৩খ্রিঃ ও পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-প্রশাসন/৪৫-২০১২/৯৫৯ তাং-২৮.০৫.২০২৩খ্রিঃ মূলে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট এর বর্ণিত শূন্য পদ সমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে অনলাইনে (http://smp.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **উল্লেখ্য যে, অত্রাফিস স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/৪২৯০/ই তাং-১২/১২/২০১৯খ্রিঃ মূলে গত ১৫.১২.২০১৯ তারিখ দৈনিক কালেরকণ্ঠ এবং ১৫.১২.২০১৯ তারিখ ডেইলী স্টার পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোপূর্বে যে সকল প্রার্থীগণ বর্ণিত পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী | | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| | | | গ্রেড | বেতন স্কেল | |
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩(তিন)টি | গ্রেড-১৩ | ১১০০০-২৬৫৯০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমান ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯খ্রিঃ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরিক এ প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ২ | কম্পিউটার অপারেটর | ২(দুই)টি | গ্রেড-১৩ | ১১০০০-২৬৫৯০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক ফেব্রুয়ারি ১৪, ২০১৯ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭(সাত)টি | গ্রেড-১৪ | ১০২০০-২৪৬৮০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমান ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরিক এ প্রতি মিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ৪ | নার্সিং সহকারী | ১(এক)টি | গ্রেড-১৫ | ৯৭০০-২৩৪৯০ | (ক) স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নার্সিং-এ ডিপ্লোমা কোর্সে সনদপ্রাপ্ত হতে হবে; |
| ৫ | ড্রাফট্সম্যান | ১(এক)টি | গ্রেড-১৫ | ৯৭০০-২৩৪৯০ | (ক) স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ড্রাফটম্যানশীপ ট্রেড কোর্সে উত্তীর্ণ বা ড্রাফটম্যানশীপে ডিপ্লোমা ডিগ্রি; |
| ৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৫(পাঁচ)টি | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর এ প্রতি মিনিটে গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। |
| ৭ | ওয়ার্ড বয় | ১(এক)টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০ | স্বীকৃত কোনো বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৮ | অফিস সহায়ক | ১(এক)টি | গ্রেড-২০ | ৮২৫০-২০০১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখা কর্তৃক সেপ্টেম্বর ২৪, ২০১৯ তারিখ প্রকাশিত প্রজ্ঞাপন বা বাংলাদেশ গেজেট এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | সর্বমোট= | ২১(একুশ)টি | - | - | - |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(১) প্রার্থীর বয়সসীমা আগামী ৩০.১১.২০২৩ তারিখ ১৮(আঠার) বছর থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে সিলেট মেট্রোপলিটন পুলিশের বিদ্যমান নিয়োগ বিধিমালা, ১৯৯৬ অনুসরণ করা হবে।

(৩) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের জন্য প্রচলিত নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(৬) চাকুরির জন্য আবেদন অনলাইনে আগামী ০৬.১২.২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ০৩.০১.২০২৪ তারিখ ১৬.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/প্রযোজ্য কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

- (ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।
- (খ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
- (গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।
- (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (ঙ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।
- (চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।
- (ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
- (জ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।
- (ঝ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি ও প্রবেশপত্র।

(৮) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(৯) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(চলমান পাতা নং-০২)

(১১) অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://smp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

1. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬ ডিসেম্বর ২০২৩, সকাল-১০:০০টা।

2. Online-এ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময়: ০৩ জানুয়ারি ২০২৪, বিকাল-০৪:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Pre-paid mobile এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ০১-০৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের প্রার্থী আবেদন ফি ২০০/- টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ০৭-০৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের প্রার্থী পরীক্ষার ফি ১০০/- টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : SMP<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : SMP ABCDE

Reply : Applicant's Name, TK 223.00/112.00 will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type SMP<space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS : SMP<space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : SMP YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for SMP Application for post xxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://smp.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

1) User ID জানা থাকলে : SMP <space> Help <space> User <space> User ID & send to 16222

Example : SMP Help User ABCDEF & send to 16222

2) PIN Number জানা থাকলে : SMP <space> Help< space> PIN <space>PIN No & send to 16222

Example : SMP Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এ কার্যালয়ের ওয়েবসাইট www.smp.police.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://smp.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://smp.teletalk.com.bd /www.smp.police.gov.bd / www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা adchqsmp@police.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name : SMP, Post Name : *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

(ট) ডিক্লারেশন ঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(১৩) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://smp.teletalk.com.bd /www.smp.police.gov.bd /www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(১৪) আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রনয়ণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

(১৬) কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

(১৭) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

(১৮) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১৯) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উক্ত নিয়োগ সংক্রান্ত সার্কুলারে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

29.11.23

(তোফায়েল আহমেদ)
বিপি-৭৫০৩০২৮২৫৬
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২৩/৪৪৯৩/ই তারিখ-২৯.১১.২০২৩খ্রিঃ

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, সিলেট রেঞ্জ, সিলেট।
৩। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৪। অতিরিক্ত পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন/ক্রাইম এন্ড অবস্), সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫। কমান্ডেন্ট(অতিরিক্ত ডিআইজি), আরআরএফ, সিলেট।
৬। এআইজি(পার্সোনেল ম্যানেজমেন্ট-২/......................................), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৭। এআইজি(রিক্রুটমেন্ট এন্ড ক্যারিয়ার প্ল্যানিং-১/রিক্রুটমেন্ট এন্ড ক্যারিয়ার প্ল্যানিং-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৮। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি পুলিশ হেডকোয়ার্টার্সের ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৯। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা
১০। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা
১১। উপ-পুলিশ কমিশনার(সদর ও প্রশাসন/উত্তর/দক্ষিণ/ট্রাফিক/ডিবি/পিওএম/সিটিএসবি/প্রসিকিউশন/ইএন্ডডি), সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
১২। সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা।
১৩। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, সিলেট।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
১৫। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
১৬। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ ও বিজ্ঞাপন, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং-৮০৭, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার(সকল)..............................................এসএমপি, সিলেট।
১৮। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া), এসএমপি, সিলেট(নিয়োগ বিজ্ঞপ্তিটি এসএমপি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৯। তত্ত্বাবধায়ক, বিভাগীয় পুলিশ হাসাপাতাল, এসএমপি, সিলেট।
২০। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
২১। উপ-পরিচালক, সরকারী কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
২২। সহকারী পুলিশ কমিশনার (সকল)......................................................, এসএমপি, সিলেট।
২৩। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
২৪। ইনচার্জ , কন্ট্রোলরুম, এসএমপি, সিলেট।
২৫। অফিসার ইনচার্জ (সকল)..................................., এসএমপি, সিলেট।
২৬। আরওআই, কেন্দ্রীয় রিজার্ভ অফিস, এসএমপি, সিলেট।
২৭। আর আই, পুলিশ লাইন/পিওএম, এসএমপি, সিলেট।
২৮। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, এসএমপি, সিলেট।
২৯। স্টেনোগ্রাফার, এসএমপি, সিলেট।
৩০। প্রধান সহকারী (ভূমি ও কল্যাণ/ অপরাধ/সরবরাহ),এসএমপি, সিলেট।
৩১। ইনচার্জ পুলিশ ফাঁড়ি (সকল) ................................................, এসএমপি, সিলেট।
৩২। ইনচার্জ পুলিশ তদন্ত কেন্দ্র (সকল) ....................................., এসএমপি, সিলেট।
৩৩। অন্যান্য ব্যক্তি/ইউনিট........................................................, এসএমপি, সিলেট।

29.11.23

(তৌফায়েল আহমেদ)
বিপি-৭৫০৩০২৮২৫৬
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২৩/৪৪৯৩/ই তারিখ-২৯.১১.২০২৩খ্রিঃ

অনুলিপি অবগতি ও উক্ত বিজ্ঞপ্তিটি আগামী ০৫/১২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকায় ১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ১০(দশ) কপি জরুরীভিত্তিতে অত্রাফিসে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, The Asian Age, SR Tower(2nd & 6th Floor), 49 Old Airport Road,Tejgoan, Dhaka-1215.
৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক উত্তর পূর্ব, সিলেট।

29.11.23

(তৌফায়েল আহমেদ)
বিপি-৭৫০৩০২৮২৫৬
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট